ক্যান্টনমেন্ট এক্জিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯-৬-৯৭ ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ২৯-৬-৯৭ ইং বেলা ১১-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল আব্দুস সালাম চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার আহমেদ আলী<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহীদুজ্জামান খান (জি) (সিডি), পিএসসি,<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ নওশাদুল হক<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমান বাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ সহিদুর রহমান, পিএসসি,<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৬। | ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ)<br>৩২, ডি ও এইচ এস বনানী<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৭। | জনাব মোঃ ইকরামুল হক<br>প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |
| ৮। | জনাব শফিক আলম মেহেদী<br>ক্যান্টনমেন্ট এক্জিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত |

উপরোল্লিখিত বোর্ডের সদস্য ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তাগণ বোর্ড সভায় উপস্থিত ছিলেন ঃ-

(১) মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ
এস এইচ ও
ঢাকা সেনানিবাস।

(২) ইনস্ট্রাক্টর লেঃ কমান্ডার এ কে এম এন হক, বি এন,
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**প্রস্তাব নং-১ঃ** বিগত ২৮-৫-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

**গৃহীত সিদ্ধান্তঃ**- বিগত ২৮-৫-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী বিশদভাবে পর্যালোচনান্তে অনুমোদন করা হইল।

২য় পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে'৯৭ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিতকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে'৯৭ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-৩ঃ মার্চ'৯৭, এপ্রিল'৯৭ ও মে'৯৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিতকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মার্চ'৯৭, এপ্রিল'৯৭ ও মে'৯৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের হোটেল ও রেস্তোরায় অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে উক্ত হোটেল ব্যবসার পরিবর্তে স্বাস্থ্যসম্মত অন্য কোন ট্রেডে ব্যবসা পরিচালনা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৬-৯৭ আর্থিক সালের সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৬-৯৭ আর্থিক সালের সংশোধিত বাজেট বিশদভাবে পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে অবস্থিত পিটার প্যান ইনফ্যান্ট স্কুলের কার্যক্রম বন্ধ করার ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষের ১৯-৫-৯৭ইং তারিখের এক আবেদনপত্রের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে অবস্থিত পিটার প্যান ইনফ্যান্ট স্কুলের কার্যক্রম বন্ধ করার ব্যাপারে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের ১৯-৫-৯৭ইং তারিখের আবেদনপত্রের বিষয়টি আলোচনান্তে বিবেচনা করা গেল না। কর্তৃপক্ষ কর্তৃক পূর্বের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৬ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে অবস্থিত জনতা ব্যাংক ভবনের ভাড়ার মেয়াদ গত ১৫-৫-৯৭ইং তারিখে উত্তীর্ণ হওয়ায় পুনরায় ভাড়া নবায়নের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ০৪-৪-৯৭ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি সভায় বিশদভাবে আলোচনান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে অবস্থিত ব্যাংক ভবনের ভাড়ার মেয়াদ গত ১৫-৫-৯৭ইং তারিখে উত্তীর্ণ হওয়ার পর হইতে পুনরায় ২(দুই) বৎসরের জন্য প্রতি বর্গফুট ১০/-(দশ) টাকা হারে ভাড়া নির্ধারণপূর্বক চুক্তি করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৭ঃ মহাখালী বাণিজ্যিক প্লট নং-২ এর পরিবর্তে বিকল্প প্লট বরাদ্দের ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্তের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০-৩-৯৭ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩/পা-৩/৭৯ নং পত্রটি অবলোকন।

গৃহীত সিদ্ধান্তঃ- মহাখালী বাণিজ্যিক XXXX প্লট নং-২ এর পরিবর্তে বিকল্প প্লট বরাদ্দের ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে উক্ত এলাকায় ১ নং প্লটের বিষয়ে মাননীয় আদালতের সিদ্ধান্ত না পাওয়া পর্যন্ত ২ নং প্লটের পরিবর্তে বিকল্প প্লট বরাদ্দের বিষয়টি স্থগিত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৮ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৩০/এফ নং বাড়ীর ফ্লাট বিক্রয়/নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ৩০/এফ নং বাড়ীর ফ্লাট বিক্রয়/নামজারীর ব্যাপারে সভায় বিশদভাবে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সিদ্ধান্ত পাওয়ার পর নামজারীর বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করিতে হইবে।

প্রস্তাব নং-৯ঃ শহীদ সাত্তার মার্কেটে হাসপাতাল নির্মাণকল্পে উক্ত স্থানের দোকানসমূহ অপসারণের ব্যাপারে প্রদত্ত নোটিশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যক্তিদের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-শহীদ সাত্তার মার্কেটে প্রস্তাবিত হাসপাতাল ভবন নির্মাণস্থলে বর্তমানে অবস্থিত দোকানসমূহ অপসারণের ব্যাপারে বোর্ড সভার ১৫-৪-৯৭ ইং তারিখের ১০ নং সিদ্ধান্তের আলোকে নোটিশ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত স্থানের দোকান মালিকগণ অনুবর্তীকালীন সময়ে অস্থায়ীভাবে বিকল্প দোকানের স্থান বরাদ্দের জন্য আবেদন করেন। তাহাদের আবেদনপত্রসমূহ বোর্ড সভায় পর্যালোচনান্তে এই মর্মেসিদ্ধান্ত গৃহীত হয় যে, তাহাদের আবেদনে প্রার্থিত বিষয় বিবেচনা করা সম্ভব নহে। তবে ভবিষ্যতে নির্মিত ভবনে বোর্ড কর্তৃক নির্ধারিত ট্রেড অনুযায়ী যে সমস্ত দোকান বরাদ্দ দেওয়া হইবে উহাতে অপসারণকৃত দোকানদারদিগকে দোকান বরাদ্দের ব্যাপারে অগ্রাধিকার প্রদানের বিষয়টি বিবেচনা করা হইবে। আগামী ৩১শে জুলাই'৯৭ এর মধ্যে শহীদ সাত্তার মার্কেটস্থিত দোকানসমূহ অপসারণের নিমিত্তে সংশ্লিষ্ট দোকানদারকে চূড়ান্ত নোটিশ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১০ঃ জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর সড়কে ঢাকা গেট হইতে সি এম টি ডি'র উত্তর পশ্চিম কর্ণার পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে এবং মহাখালী রেল গেট হইতে সেনানিবাসের ৩য় গেট পর্যন্ত অননুমোদিত হোর্ডিংসমূহ অপসারণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর সড়কে ঢাকা গেট হইতে সি এম টি ডি'র উত্তর-পশ্চিম কর্ণার পর্যন্ত উভয় পার্শ্বে এবং মহাখালী রেল গেট হইতে সেনানিবাসের ৩য় গেট পর্যন্ত হোর্ডিংসমূহ প্রকাশ্য নিলামের মাধ্যমে ইজারা দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল। আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, অননুমোদিত হোর্ডিংসমূহ অপসারণের জন্য নোটিশ প্রদান করিয়া অপসারণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪৫ নং বাড়ীর মালিক জনাব আবদুল হাকিম চোধুরী কর্তৃক তদীয় প্লটে নির্মিত বাড়ীর নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪৫ নং বাড়ীর মালিক জনাব আবদুল হাকিম চোধুরী কর্তৃক তদীয় প্লটে নির্মিত বাড়ীর নামজারীর ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মতামতসহ বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১২ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ১১৮ নং মৎস্য শেডটির সারচার্জ মওকুফসহ মেয়াদোত্তীর্ণ বরাদ্দের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ১১৮ নং মৎস্য শেডটির সারচার্জ মওকুফসহ মেয়াদোত্তীর্ণ বরাদ্দের ব্যাপারে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(১) স্কোঃলেঃ এ বি এম এ রশিদ(অবঃ) - আহবায়ক
৩২, ডি ওএইচ এস বনানী
ঢাকা সেনানিবাস।

(২) জনাব মোঃ আবুল হাসেম - সদস্য
ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্ট।

উক্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করিতে হইবে।

প্রস্তাব নং-১৩ঃ জনাব এ কে এম শফিকুল করিম ভূঁইয়া(এস ই,এস ও-১(পি) পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা) এর মেয়ের কবর পাকা করার আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-জনাব এ কে এম শফিকুল করিম ভূঁইয়া ( এস ই,এস ও-১(পি) পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা) এর মেয়ের কবর পাকা করার আবেদন বিশেষ বিবেচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। তবে শর্ত থাকে যে, ভবিষ্যতে তাঁহার নিজের বা তাঁহার স্ত্রীর কবর পাকা করার আবেদন বিবেচিত হইবে না।

৪র্থ পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-১৪ঃ** ক্যাপ্টেন মোঃ মোতাহার হোসেন(সিবি-৯৭, কচুক্ষেত পুরাতন বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট) এর পিতা-মরহুম মোবারক হোসেন এর কবর পাকা করার আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যাপ্টেন মোঃ মোতাহার হোসেন(সিবি-৯৭, কচুক্ষেত পুরাতন বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট) এর পিতা-মরহুম মোবারক হোসেন এর কবর পাকা করার অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

**প্রস্তাব নং-১৫ঃ** বিএ-২৮২৩ মেজর মোঃ রবিউল আলম এর স্ত্রী মরহুমা মানতাশাআ মাহবুব এর কবর পাকা করার আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিএ-২৮২৩ মেজর মোঃ রবিউল আলম এর স্ত্রী মরহুমা মানতাশাআ মাহবুব এর কবর পাকা করার অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

**প্রস্তাব নং-১৬ঃ** জনাব আশফাকুল হক(৮২ গুলশান এভিনিউ) এর পিতা-মরহুম আতাউল হক এর কবর পাকা করার আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** জনাব আশফাকুল হক(৮২ গুলশান এভিনিউ) এর পিতা-মরহুম আতাউল হক এর কবর পাকা করার আবেদনের বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হইল।

**প্রস্তাব নং-১৭ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের মূল্যানুমান ও সর্বনিম্ন দর অনুমোদনকরণ।

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ৩ ও ১১ নং লেইন সম্প্রসারণকরণ। | = ২,৬৪,৬৪৬.০০ টাকা | "মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ" | ১৪.৯০% উর্দ্ধে |
| (২) | মহাখালী ডি ও এইচ এস এলাকার ৭ নং রোডের পূর্ব পার্শ্বে পার্ক মেরামতকরণ। | = ৬২,৫০০.০০ ,, | "মেসার্স আমিন ব্রাদার্স" | ১৫% উর্দ্ধে |
| (৩) | মহাখালী ডি ও এইচ এস এলাকার ইস্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে রেল লাইন সংলগ্ন মাষ্টার ড্রেন সম্প্রসারণ এবং ৭ নং রোডের পার্শ্বে ড্রেন নির্মাণ। | = ৮,৪২,৭৪৬.০০ ,, | "গাজী এন্ড কোং লিঃ" | ১৩.৫০% উর্দ্ধে |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রাস্তা ও ড্রেন মেরামতকরণ। | = ৭,৯৬,৫৯৬.০০ ,, | "মেসার্স ইমেল এন্টারপ্রাইজ" | ১৮% উর্দ্ধে |
| (৫) | ক্যান্টনমেন্ট সপার মার্কেটের পশ্চিম পার্শ্বে মীরপুর লিংক রোড সংলগ্ন খালি জায়গায় গাড়ী পার্কিংয়ের জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ। | = ৮,৭৬,৩৫৩.০০ ,, | "মেসার্স মান্নান ব্রাদার্স" | ২৪.৯০% উর্দ্ধে |
| (৬) | শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ভবনসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = ২,৪৯,৪৩৬.০০" | "মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট" | ১৭% উর্দ্ধে |
| (৭) | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর তিনটি ভবনের মেরামত ও সংস্কারকরণ। | = ১,৪৪,৩৯৯.০০ ,, | "মেসার্স মেট্রোপলিটন বিল্ডার্স" | ১৪% উর্দ্ধে |
| (৮) | মুসলিম মডার্ণ একাডেমীর শ্রেণীকক্ষের জন্য আসবাবপত্র সরবরাহকরণ। | = ১,৭০,৯১৪.০০ ,, | "মেসার্স ইমেল এন্টারপ্রাইজ" | ১৭% উর্দ্ধে |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি নং ভবনের (১৬টি ফ্ল্যাট) মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = ১,৪৯,৭৬২.০০ ,, | "মেসার্স আর আর এন্টারপ্রাইজ" | ২৪.৫০% উর্দ্ধে |
| (১০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/এ, ৬৪/বি, ৬৪/সি, ৬৪/ডি নং বাসস্থানের মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = ১,৩৬,৯৬৪.০০ ,, | "মেসার্স গাজী এন্ড ব্রাদার্স" | ১৪.৫৫% উর্দ্ধে |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/ই, ৬৪/এফ, ৬৪/জি, ৬৪/এইচ, ৬৪/আই, ৬৪/জে নং বাসস্থানের মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = ৮৬,৫১১.০০ ,, | "মেসার্স জমেল এন্টারপ্রাইজ" | ১৫% উর্দ্ধে |

| ক্রমিক নং ঃ | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী ঃ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম ঃ | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|---|
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০০ ও ১০১ নং ভবনের দ্বিতীয় ও তৃতীয় তলা বাসস্থানের মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ৭০,০০০.০০ টাকা | "মেসার্স আমিন ব্রাদার্স" | ১৩% উর্দ্ধে |
| (১৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯২ নং ভবনের নীচতলা ও দোতলা মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ৬৬,৫৩৬.০০ ,, | "মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স" | ১৪% উর্দ্ধে |
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯১ নং ভবনের নীচতলা ও দোতলা মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ৪৮,৩৫৭.০০ ,, | "মেসার্স আলম ব্রাদার্স" | ১৫% উর্দ্ধে |
| (১৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ডাঃ রেজিনা হোসেন এর বাসস্থান মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ৪৫,৯১৫.০০ ,, | মেসার্স পি এম ট্রেডার্স" | ১৪% উর্দ্ধে |
| (১৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং ভবনের ৬টি বাসস্থান মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ৪২,৪৭৯.০০ ,, | মেসার্স ফরিদা ট্রেডার্স" | ১২% উর্দ্ধে |
| (১৭) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টার নং-১,২,৩ ও ৪ মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ৩৮,১১১.০০ ,, | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ" | ১৫% উর্দ্ধে |
| (১৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৭ নং ভবনের নীচতলার দুই অংশ এবং দ্বিতীয় তলার এক অংশ বাসস্থান মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ৩৬,৬১৭.০০ ,, | "মেসার্স খান ট্রেডার্স" | ১২% উর্দ্ধে |
| (১৯) | আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী এর মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ২৬,২০৬.০০ ,, | "মেসার্স দিলদার এন্টারপ্রাইজ" | ১৪% উর্দ্ধে |
| (২০) | ক্যান্টনমেন্ট বোর্ড গ্যারেজের ৪র্থ শ্রেণীর বাসা নং-১ ও ২ এর মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ২২,০৯০.০০ ,, | "মেসার্স লাকী ট্রেডার্স" | ১৩% উর্দ্ধে |
| (২১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসা নং-৪-এ/২ মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ২২,৭৩২.০০ ,, | "মেসার্স হাবিব এন্ড সন্স" | ১২% উর্দ্ধে |
| (২২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯৭ নং ভবনের নীচতলার এক অংশ মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ২২,৮০০.০০ ,, | "মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ" | ১২% উর্দ্ধে |
| (২৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৮ নং ভবনের তৃতীয় তলা মেরামত ও রক্ষণাবেক্ষণকরণ। | = | ১৪,৮৫১.০০ ,, | "মেসার্স রোজগার ট্রেডিং কর্পোরেশন" | ১৩% উর্দ্ধে |

**গৃহীত সিদ্ধান্তঃ-**

(১) ১২% উর্দ্ধ দর অনুমোদিত।

(২) ১২% উর্দ্ধ দর অনুমোদিত।

(৩) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

(৪) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

(৫) ১২% উর্দ্ধ দর অনুমোদিত।

(৬) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

(৭) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

(৮) ৮% উর্দ্ধ দর অনুমোদিত।

(৯) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

(১০) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

(১১) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

(১২) ১০% উর্দ্ধ দর অনুমোদিত।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

(১৩) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৪) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৫) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৬) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৭) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৮) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৯) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২০) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২১) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২২) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২৩) ১২% উর্ধ্ব দর অনুমোদিত।

স্তাব নং-১৮ঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় প্লট নং-২৪৮ এর সংশোধিত নকশা অনুমোদনের ব্যাপারে ব্রিগেডিয়ার এ এল এম ফজলুর রহমান, পিএসসি, এর পেশকৃত ২৬-৬-৯৭ ইং তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

হীত সিদ্ধান্তঃ- জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় প্লট নং-২৪৮ এর মালিক কর্তৃক ০৪-৪-৯৬ ইং তারিখে পেশকৃত বাড়ীর সংশোধিত নকশাটি ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ এর পরিপন্থী হওয়ায় গত ১১-৪-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় অনুমোদিত হয় নাই। বিষয়টি অত্র দপ্তর কর্তৃক সংশ্লিষ্ট বাড়ীর মালিককে অত্র দপ্তরের ১১-৫-৯৬ ইং তারিখের ঢাক্যাবো/বাড়ী নং-২৪৮, জোয়ারসাহারা/১৪ নং পত্রের মাধ্যমে জানানো হয়। উল্লেখ্য যে, বাড়ীর মালিক ব্রিগেডিয়ার এ এল এম ফজলুর রহমান, পিএসসি, দেশের বাহিরে অবস্থান করায় তাঁহার প্রতিনিধি দাখিলকৃত সংশোধিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করিতে থাকেন। বর্তমানে বাড়ীটির নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পথে। সংশোধিত নকশায় প্রদর্শিত বাড়ীর ডিজাইন দৃষ্টে পরিলক্ষিত হয় যে, উক্ত নকশা মোতাবেক বাড়ী নির্মিত হইলে পরিবেশের সৌন্দর্যহানি ঘটিবে না। তাহাছাড়া বে-উইন্ডো নির্মাণ করায় এর বর্ধিত অংশ সানশেডের সীমার মধ্যেই রহিয়াছে বলিয়া সংশ্লিষ্ট প্রকৌশলী বোর্ড সভাকে অবহিত করেন। উপরোক্ত পরিস্থিতিতে বিশেষ বিবেচনায় আলোচ্য বাড়ীর সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল, তবে শর্ত থাকে যে, বাড়ীটির অসমাপ্ত নির্মাণ কাজ অবশ্যই অনুমোদিত সংশোধিত নকশা অনুযায়ী যথারীতি সমাপ্ত করিতে হইবে।

স্তাব নং-১৯ঃ ডি ও এইচ এস মহাখালী বাড়ী নং-বি ১/১৮৩ এর ১৯৯৬-৯৭ সালের গৃহকর মওকুফকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

হীত সিদ্ধান্তঃ- ডি ও এইচ এস মহাখালীর বাড়ী নং-বি-১/১৮৩ এর গৃহকর মওকুফের জন্য মিসেস নওসীন শরীফ উল্যাহ এর ১১-১১-৯৭ ইং তারিখের আবেদনপত্র বিবেচনান্তে ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে বাড়ীর ১ম তলা ৫(পাঁচ) মাস এবং নীচতলা ৬(ছয়) মাস সময়ের গৃহকর মওকুফের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

স্তাব নং-২০ঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস আবাসিক প্রকল্পের সীমানা নির্ধারণ ও পিলার স্থাপনের ১২,৬০০/- (বার হাজার ছয়শত) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

হীত সিদ্ধান্তঃ- জোয়ারসাহারা ডি ও এইচ এস আবাসিক প্রকল্পের সীমানা নির্ধারণ ও পিলার স্থাপনের ১২,৬০০/- (বার হাজার ছয়শত) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

৭ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২১ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের টেম্পু ষ্ট্যান্ড পুনঃইজারার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি সভায় বিশদভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের টেম্পু ষ্ট্যান্ড পুনঃবিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ইজারা দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল। বর্ণিত টেম্পু ষ্ট্যান্ড ইজারার টেন্ডার সেশন সদর দপ্তর ও ক্যান্টনমেন্ট বোর্ডে অনুষ্ঠিত হইবে। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, টেন্ডার অনুমোদনের পূর্বপর্যন্ত সময়ে পূর্বে নির্ধারিত হারে টেম্পু ষ্ট্যান্ড ইজারার অর্থ বর্তমান ইজারাদারের নিকট হইতে আদায় করিতে হইবে।

প্রস্তাব নং-২২ঃ বিএ-১২০৫ লেঃ কর্ণেল মোঃ নুরুল বশীর, পিএসসি, ১০ মিডিয়াম রেজিমেন্ট আর্টিলারী, সাভার সেনানিবাস এর মাতা মরহুমা অহিদেন্য এবং পিতা-মরহুম মোহাম্মদ নুরুল হুদা এর কবর পাকা করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিএ-১২০৫ লেঃ কর্ণেল মোঃ নুরুল বশীর, পিএসসি, ১০ মিডিয়াম রেজিমেন্ট আর্টিলারী, সাভার সেনানিবাস এর মাতা মরহুমা অহিদেন্য এবং পিতা-মরহুম মোহাম্মদ নুরুল হুদা এর কবর পাকা করার অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষিত হইল।

২৯/৮/৯৭
(শফিক আলম মেহেদী)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল আব্দুস সালাম চৌধুরী)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।